গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০২.০১.৩১৮.২৬- ২০৫ তারিখঃ ০৮/০৪/২০২৬ খ্রি.

**বিষয়ঃ ASSET Project এর আওতায় ইনস্টিটিউশনাল ডেভেলপমেন্ট গ্রান্ট (আইডিজি) প্রাপ্ত নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কর্মরত শিক্ষকবৃন্দের জন্য "অফিস ব্যবস্থাপনা" বিষয়ক প্রশিক্ষণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, নার্সিং শিক্ষার মানোন্নয়নে আগামী ১১ এপ্রিল – ১৮ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখে (সরকারি ছুটি ব্যতীত) নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে (৬০৬ নম্বর কক্ষ) সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত ASSET Project এর আওতায় ইনস্টিটিউশনাল ডেভেলপমেন্ট গ্রান্ট (আইডিজি) প্রাপ্ত নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের জন্য "অফিস ব্যবস্থাপনা" বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহ কর্তৃক মনোনীত কর্মকর্তা/ কর্মচারীদের অংশগ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

| ক্রম | প্রতিষ্ঠানের নাম | মনোনীত কর্মকর্তা/ কর্মচারীদের সংখ্যা |
|---|---|---|
| ১. | কলেজ অব নার্সিং, শের ই বাংলানগর, ঢাকা | ১ |
| ২. | মিটফোর্ড নার্সিং কলেজ, ঢাকা | ১ |
| ৩. | সৈয়দা জোহরা তাজউদ্দিন নার্সিং কলেজ, কাপাসিয়া, গাজীপুর | ১ |
| ৪. | নার্সিং ও মিডওয়াইফারি কলেজ, টাঙ্গাইল | ১ |
| ৫. | নার্সিং ইনস্টিটিউট, মাদারীপুর | ১ |
| ৬. | নার্সিং ও মিডওয়াইফারি কলেজ, দিনাজপুর | ১ |
| ৭. | পাবনা নার্সিং কলেজ, পাবনা | ১ |
| ৮. | নার্সিং ইনস্টিটিউট, ঠাকুরগাঁও | ১ |
| ৯. | নার্সিং ইনস্টিটিউট, পটুয়াখালী | ১ |
| ১০. | নার্সিং ও মিডওয়াইফারি কলেজ, কুমিল্লা | ১ |
| ১১. | নার্সিং ইনস্টিটিউট, পঞ্চগড় | ১ |
| ১২. | নার্সিং ইনস্টিটিউট, কিশোরগঞ্জ | ১ |
| ১৩. | নার্সিং ইনস্টিটিউট, রাঙ্গামাটি | ১ |
| ১৪. | নার্সিং ইনস্টিটিউট, চুয়াডাঙ্গা | ১ |
| ১৫. | নার্সিং ও মিডওয়াইফারি কলেজ, খুলনা | ১ |
| ১৬. | নার্সিং ইনস্টিটিউট, বরগুনা | ১ |
| ১৭. | নার্সিং ইনস্টিটিউট, কুড়িগ্রাম | ১ |
| ১৮. | লালমনিরহাট নার্সিং কলেজ, লালমনিরহাট | ১ |
| ১৯. | নার্সিং ও মিডওয়াইফারি কলেজ, কক্সবাজার | ১ |
| ২০. | নার্সিং ইনস্টিটিউট, রাজবাড়ী | ১ |
| ২১. | নার্সিং ইনস্টিটিউট, বাগেরহাট | ১ |
| ২২. | টি এম এস এস নার্সিং কলেজ, বগুড়া | ১ |
| ২৩. | হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট নার্সিং কলেজ, ঢাকা | ১ |
| ২৪. | ডি ডাব্লিউ এফ নার্সিং কলেজ, বরিশাল | ১ |
| ২৫. | প্রিন্স নার্সিং কলেজ, ঢাকা | ১ |
| ২৬. | ট্রমা নার্সিং ইনস্টিটিউট, ঢাকা | ১ |
| ২৭. | পাবনা আইডিয়াল নার্সিং কলেজ, পাবনা | ১ |
| ২৮. | নার্সিং ও মিডওয়াইফারি কলেজ, ফরিদপুর | ১ |
| ২৯. | নার্সিং ও মিডওয়াইফারি কলেজ, নোয়াখালী | ১ |
| ৩০. | নার্সিং ও মিডওয়াইফারি কলেজ, ফেনী | ১ |
| | মোট | ৩০ জন |

২। প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণ বিধি মোতাবেক সম্মানি ভাতা প্রাপ্য হবেন। প্রশিক্ষণের যাবতীয় ব্যয়ভার ASSET Project এর আওতায় ইনস্টিটিউশনাল ডেভেলপমেন্ট গ্রান্ট (আইডিজি) প্রাপ্ত নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠান সমূহ হতে প্রশিক্ষণে অংশগ্রহনকারীর জন্য বিষয়ভিত্তিক প্রশিক্ষণের কোর্স ফি বাবদ ভ্যাট-ট্যাক্সসহ ১৭৮১৮/- ( সতের হাজার আটশত আঠার) টাকা সংশ্লিষ্ট

প্রতিষ্ঠানসমূহের প্রকওল্পর প্রকল্প অনুদান (অর্থনৈতিক কোড- ৩৬৩২১০১) এর আরপিএ অংশ হতে ব্যয় নির্বাহ করবে। তম্মধ্যে অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান, প্রতি প্রশিক্ষণার্থীর জন্য প্রশিক্ষণ ফি বাবদ ভ্যাট-ট্যাক্স ব্যতিত ১৪০৮৪/- (চৌদ্দ হাজার চুরাশি) টাকা নগদ/চেকের মাধ্যমে Director (Admin) Directorate General of Nursing and Midwifery বরাবর জমা দিবে। প্রতি প্রশিক্ষণার্থীর জন্য ভ্যাট (১৫%) ২১১৩/- টাকা ও-ট্যাক্স (১০%) ১৬২০/- টাকা সরকারি কোষাগারে নির্ধারিত কোডে জমা পূর্বক স্লিপ সংরক্ষণ করবেন। গ্রান্ট প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ০৭.০০.০০০.১৭৩.৩৮.০০৭.১৫ (অংশ-২)-৭৮, তারিখ: ১৪/০৭/২০২২ মোতাবেক নিজ প্রতিষ্ঠানের প্রকল্প অনুদান (অর্থনৈতিক কোড- ৩৬৩২১০১) এর জিওভি খাতে টিএ প্রাপ্য হবেন।

৩। বর্ণিত প্রশিক্ষণ কার্যক্রমে প্রশিক্ষণ কোর্স পরিচালক হিসেবে জনাব বদরুল আলম (উপসচিব), পরিচালক (প্রশাসন); কোর্স সমন্বয়ক জনাব শান্তনা খাতুন, নার্সিং ইনস্ট্রাক্টর (মোবাইল নম্বর ০১৮৮৩১০৫৫৯৫); নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর দায়িত্ব পালন করবেন।

৪। বর্ণিত প্রশিক্ষণে প্রতিদিন মোট ০৭ (সাত) ঘন্টা ক্লাশ অনুষ্ঠিত হবে।

৫। প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণার্থী/ পরিচালক/ সমন্বয়ক / প্রশিক্ষকগণের কার্যপরিধিঃ

৫.১ সকল প্রশিক্ষণার্থী সেশন শুরুর কমপক্ষে ১৫ মিনিট পূর্বে প্রশিক্ষণ কক্ষে নির্ধারিত ইউনিফর্ম পরিধানপূর্বক উপস্থিত থাকবেন।

৫.২ সেশন শুরুর কমপক্ষে ১০ মিনিট পূর্বে প্রশিক্ষণ কক্ষে উপস্থিত থাকবেন।

৫.৩ প্রশিক্ষণ চলাকালে সকল প্রশিক্ষণার্থীর মোবাইল ফোন বন্ধ থাকবে।

৫.৪ প্রতিটি প্রশিক্ষণ বিষয়ে প্রশিক্ষকগণ বাধ্যতামূলকভাবে গ্রুপ অথবা ইন্ডিভিজুয়াল অ্যাসাইনমেন্ট দিবেন এবং তা মূল্যায়ন করবেন।

৫.৫ প্রশিক্ষকগণ বাধ্যতামূলকভাবে প্রতিটি বিষয়ের উপর পাওয়ার পয়েন্ট (PPT) তৈরির মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করবেন।

৫.৬ প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ সমাপ্তির দিন প্রশিক্ষণের বিষয়বস্তু, কোর্সের সময়, মেয়াদ কাল, প্রশিক্ষকগণের প্রস্তুতি, পারদর্শিতা এবং প্রশিক্ষণ ভেন্যুর মান সম্পর্কে মূল্যায়ন করবেন এবং প্রশিক্ষণার্থীগণ নিজ দায়িত্বে খামের মুখ আঠা দিয়ে বন্ধ করে দিবেন যা কোর্স পরিচালক অত্র অধিদপ্তরে জমা দিবেন।

৬। এ প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের ছাড়পত্রের তালিকা,মূল্যায়ন প্রতিবেদন ও খরচের হিসাব প্রশিক্ষণের কোর্স পরিচালক কোর্স সমাপ্তির ০৩ দিনের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণ করবেন।

৭। সাপোর্ট স্টাফ হিসেবে ০১ জন দায়িত্ব পালন করবে।

৮। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হ'ল।

০৮/০৪/২৬

বদরুল আলম
(উপসচিব)
পরিচালক (প্রশাসন ও শিক্ষা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
email- info@dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০২.০১.২৪৬.২৩ - ২০৫ তারিখঃ /০৪/২০২৬ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), ASSET প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর, শেরে-বাংলা নগর, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অধ্যক্ষ, নার্সিং কলেজ/ নার্সিং ও মিডওয়াইফারি কলেজ/ নার্সিং ইনস্টিটিউট............... (সকল)
৫। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ও মিডওয়াইফারি কলেজ/ নার্সিং ইনস্টিটিউট.............. (সকল)
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৭। জনাব.......................................................................................................।

০৮/০৪/২৬

পরিচালক (প্রশাসন ও শিক্ষা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।